# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ সুন্নাহতে প্রার্থনামূলক দুআ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

দুনিয়া ও আখেরাতের মঙ্গল চাইতে

১।

اللَّهُمَّ أَصْلِحْ لِي دِينِي الَّذِي هُوَ عِصْمَةُ أَمْرِي، وَأَصْلِحْ لِي دُنْيَايَ الَّتِي فِيهَا مَعَاشِي، وَأَصْلِحْ لِي آخِرَتِي الَّتِي فِيهَا مَعَادِي،وَاجْعَلِ الْحَيَاةَ زِيَادَةً لِي فِي كُلِّ خَيْرٍ، وَاجْعَلِ الْمَوْتَ رَاحَةً لِي مِنْ كُلِّ شَرٍّ

উচ্চারণঃ আল্লা-হুম্মা আস্বলিহ লী দীনিয়াল্লাযী হুয়া ইস্‌মাতু আমরী, অ আস্বলিহ লী দুনয়া-য়্যাল্লাতী ফীহা মাআ-শী, অ আস্বলিহ লী আ-খিরাতিয়াল্লাতী ফীহা মাআ-দী। অজআলিল হায়া-তা যিয়া-দাতাল লী ফী কুল্লি খাইর। অজআলিল মাউতা রা-হাতাল লী মিন কুল্লি শার্‌রি।

অর্থঃ হে আল্লাহ! তুমি আমার দ্বীনকে সুন্দর কর, যা আমার সকল কর্মের হিফাযতকারী। আমার পার্থিব জীবনকে সুন্দর কর, যাতে আমার জীবিকা রয়েছে। আমার পরকালকে সুন্দর কর, যাতে আমার প্রত্যাবর্তন হবে। আমার জন্য হায়াতকে প্রত্যেক কল্যাণে বৃদ্ধি কর এবং মওঁতকে প্রত্যেক অকল্যাণ থেকে আরামদায়ক কর। (মুঃ ৪/২০৮৭)

২।

اللهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْعَافِيَةَ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ

উচ্চারণঃ- আল্লা-হুম্মা ইন্নী আসআলুকাল আ-ফিয়াতা ফিদ্দুনয়্যা অলআখিরাহ।

অর্থঃ হে আল্লাহ! নিশ্চয় আমি তোমার নিকট ইহ-পরকালে নিরাপত্তা প্রার্থনা করছি। (সঃ ইবনে মাজাহ ৩/১৮০)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11841

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন